

মসজিদে মাদরাসাছাত্রের লাশ

হত্যা মামলায় অধ্যক্ষসহ পাঁচ শিক্ষক গ্রেপ্তার

নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম ১৩ এপ্রিল, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ২ মিনিটে

চট্টগ্রামে মসজিদে মাদরাসাছাত্র মো. হাবিবুর রহমানের লাশ উদ্ধারের ঘটনায় শিক্ষকদের বিরুদ্ধে হত্যা মামলা করেছেন তার বাবা। গতকাল শুক্রবার ওই মামলা হওয়ার পর মাদরাসার অধ্যক্ষ আবু দারদাসহ পাঁচ শিক্ষককে গ্রেপ্তার করেছে পুলিশ।

গ্রেপ্তার বাকি চারজন হলেন হেফজ বিভাগের শিক্ষক তারেকুর রহমান, মো. জোবায়ের, আনাস আলী ও আব্দুস সামাদ। গ্রেপ্তারকৃতদের প্রথমে জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হলেও মামলার পর তাঁদের গ্রেপ্তার দেখানো হয়।

বায়েজিদ বোস্তামি থানার ওসি আতাউর রহমান খন্দকার জানান, নিহত হাবিবুরের বাবা আনিসুর রহমান দণ্ডবিধির ৩০২/৩৪ ধারায় হত্যার অভিযোগে এই মামলা করেছেন। মামলায় তিনি অভিযোগ করেছেন, মাদরাসায় তাঁর ছেলেকে নির্যাতনের মাধ্যমে হত্যা করে লাশ ঝুলিয়ে রাখা হয়েছিল।

এর আগে গত বুধবার নগরীর বায়েজিদ বোস্তামি থানার ওয়াজেদিয়া এলাকায় আল জামিয়া আবু বক্কর আছ-ছিন্দিক আল ইসলামিয়া মাদরাসার মসজিদ থেকে এক ছাত্রের ঝুলন্ত লাশ উদ্ধার করে পুলিশ। ১১ বছর বয়সী হাবিবুর রহমান মাদরাসাটির হেফজখানার হেফজ বিভাগের ছাত্র। তার বাড়ি খাগড়াছড়ি জেলায়।

থানার ওসি বলেন, ‘মাদরাসার সঙ্গে লাগোয়া একটি মসজিদ আছে। মসজিদেও ছাত্রদের পড়ানো হয়। মসজিদটির চারতলায় গ্রিলের সঙ্গে কাপড় দিয়ে ঝুলন্ত অবস্থায় আমরা লাশটি উদ্ধার করেছিলাম। শিশুটির বাঁ পা মেঝেতে লাগানো ছিল।’ ঘটনার তদন্ত চলছে। ময়নাতদন্ত প্রতিবেদন ও তদন্তে অন্য যাদের নাম আসবে তাদেরও গ্রেপ্তার করা হবে বলে তিনি জানান।

মন্তব্য